31

Total No. of Printed Pages—6

**4 SEM TDC BNL MIL (A) 1**

**2016**

( May )

# BENGALI

( Modern Indian Language )

Course : 401

**( Arts )**

Time : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

৮০ মূল্যাঙ্কের ক, খ, গ এবং ঘ বিভাগ নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

পূর্ণমান : 80

উত্তীর্ণমান : 32/24

১০০ মূল্যাঙ্কের ক, খ, গ, ঘ এবং ঙ বিভাগ অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

পূর্ণমান : 100

উত্তীর্ণমান : 40/30

## ক—বিভাগ

( মূল্যাঙ্ক : ৩০ )

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) 'শ্রীকান্ত' (১ম পর্ব) কবে প্রথম পুস্তকাকারে প্রকাশিত হয় ?

(খ) সিপাহীরা চোর বলে কাকে ধরেছিল ?

*( Turn Over )*

16(4)

(গ) দিদির বাড়ীর উঠানে যে অজগর সাপটি ছিল তার নাম কি ?

(ঘ) বঙ্কুর সঙ্গে পিয়ারীর সম্পর্ক কি ?

(ঙ) ''মড়ার কি জাত থাকে রে ?'' মন্তব্যটি কার ?

(চ) পিয়ারী শ্রীকান্তকে ভালোবাসার চিহ্ন স্বরূপ কি দিয়েছিল ?

২। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) 'শ্রীকান্ত' (১ম পর্ব)-কে একখানা স্বয়ংসম্পূর্ণ উপন্যাস বলা যায় কি না, বিচার কর।

(খ) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসে ইন্দ্রনাথের সার্থকতা কোথায় তা আলোচনা কর।

(গ) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসে রাজলক্ষ্মী চরিত্রটির মধ্যে যে জটিলতা ও অন্তর্দ্বন্দ্ব লক্ষ্য করা যায় তা চরিত্রটি বিশ্লেষণ করে দেখাও।

৩। সংক্ষেপে উত্তর দাও (যে-কোন একটি) :

(ক) ''এই হারামজাদা বজ্জাতকে বাস্তে আমার গতর চূর্ণ হো গিয়া।'' এই কথাটি কে, কখন বলেছেন ? বক্তার 'গতর' চূর্ণ হয়েছিল কেন ?

(খ) ''আমি নাস্তিকই হই, ম্লেচ্ছই হই, ভূত মানিনে।'' একথা কে, কাদের উদ্দেশ্য করে, কোথায় বলেছে ?



( Continued )



16(4)

(গ) ''বুদ্ধি দিয়া যাহারা একেবারেই মানে না, তাহারাও ভয়ের জায়গায় আসিয়া পড়িলে মূর্চ্ছা যায়।'' বক্তা কে ? কখন এবং কাকে তিনি একথা বলেছেন ?

(ঘ) শাহজী চরিত্র সম্পর্কে আলোচনা কর।

## খ—বিভাগ

( মূল্যাঙ্ক : ৩০ )

৪। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'বিবিধ প্রবন্ধ' প্রথম ভাগ ইংরেজী কত সালে প্রথম প্রকাশিত হয় ?

(খ) 'গীতিকাব্য' প্রবন্ধটি 'বঙ্গদর্শন' পত্রিকায় প্রথম কি শিরোনামে প্রকাশিত হয়েছিল ?

(গ) 'মিরন্দা' শেক্সপীয়রের কোন্ কমেডি নাটকের চরিত্র ?

(ঘ) 'ধর্ম্ম এবং সাহিত্য' প্রবন্ধটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল ?

৫। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) '' ... কেবল কৌশলের কথা ধরিতে গেলে মিল্টন অপেক্ষা কালিদাসকে অধিক প্রশংসা করিতে হয়। 'Paradise Lost' পাঠে শ্রম বোধ হয়; 'কুমারসম্ভব' আদ্যোপান্ত পুনঃ পুনঃ পাঠ করিয়াও পরিতৃপ্তি জন্মে না।''

লেখক স্বয়ং এই বক্তব্যের অনুকূলে যে সব যুক্তি দিয়েছেন তা তোমার নিজের ভাষায় প্রকাশ কর।



( Turn Over )

16(4)

(খ) "উভয়ে ঋষিকন্যা; প্রস্পেরো ও বিশ্বামিত্র উভয়ে রাজর্ষি। উভয়েই ঋষিকন্যা বলিয়া অমানুষিক সাহায্যপ্রাপ্ত। মিরন্দা এরিয়ল-রক্ষিতা, শকুন্তলা অপ্সরোরক্ষিতা।"

মিরন্দা ও শকুন্তলা-র মধ্যে যে সব যুক্তি দ্বারা লেখক পারস্পরিক তুলনা করেছেন তার উল্লেখ কর।

(গ) "ভারতবর্ষীয় এবং পাশ্চাত্ত্য আলংকারিকেরা কাব্যকে নানা শ্রেণীতে বিভক্ত করিয়াছেন। তাহার মধ্যে অনেকগুলি বিভাগ অনর্থক বলিয়া বোধ হয়। তাঁহাদিগের কথিত তিনটি শ্রেণী গ্রহণ করিলেই যথেষ্ট হয়।"

এই 'তিনটি শ্রেণী' কি কি? লেখকের অনুসরণে প্রত্যেকটির সম্পর্কে আলোচনা কর।

৬। সংক্ষেপে উত্তর দাও (যে-কোন একটি) : ৪

(ক) বঙ্কিমচন্দ্রের মতে 'ধর্ম্ম' কি? তিনি 'ধর্ম্ম' এবং 'সাহিত্য'কে অভিন্ন হিসাবে কিভাবে দেখিয়েছেন, 'ধর্ম্ম এবং সাহিত্য' প্রবন্ধ অবলম্বন করে আলোচনা কর।

(খ) "সংস্কৃতে এমন একখানি এবং ইংরাজীতে একখানি মহাকাব্য আছে যে, দৈব এবং অতিপ্রাকৃত চরিত্র তাহার আনুষঙ্গিক বিষয় নহে, মূল বিষয়।"

'দৈব এবং অতিপ্রাকৃত' থাকা সংস্কৃত কাব্যখানার নাম কি? এই কাব্যে দৈব এবং অতিপ্রাকৃত কিভাবে পরিস্ফুট হয়েছে তা ব্যাখ্যা কর।

(গ) "সাধারণ ধর্ম্মপ্রচারকদিগের এই সকল দোষেই ধর্ম্মালোচনার প্রতি সাধারণ লোকের এত অননুরাগ জন্মিয়াছে।" 'এই সকল দোষ' বলতে লেখক যেগুলির উল্লেখ করেছেন তা আলোচনা কর।





16/4)

## গ—বিভাগ

( মূল্যাঙ্ক : ১০ )

৭। তোমাদের কলেজের বাংলা বিভাগে এবছর জাঁকজমক করে 'রবীন্দ্রজয়ন্তী' অনুষ্ঠান করেছিলে। সেই অনুষ্ঠান সম্পর্কে বিস্তারিত জানিয়ে তোমার বন্ধু/বান্ধবীকে একখানা পত্র লেখ। ১০

*অথবা*

তোমাদের একটি বেসরকারী সংস্থা (NGO) আছে, যার মাধ্যমে কিছুসংখ্যক দুস্থ মানুষদের সাহায্য কর। সম্প্রতি অর্থের অভাব হওয়ায় এই সংস্থার জন্য আর্থিক সাহায্য চেয়ে জেলার উপায়ুক্ত (Deputy Commissioner) মহাশয়ের কাছে একখানি আবেদনপত্র লেখ। ১০

## ঘ—বিভাগ

( মূল্যাঙ্ক : ১০ )

৮। যে-কোন একটি বিষয়ের উপর প্রবন্ধ রচনা কর : ১০

(ক) শিক্ষাবিস্তারে বৈদ্যুতিন মাধ্যম

(খ) আসামের জাতীয় উৎসব—বিহু

(গ) আধুনিক জীবনে ইন্টারনেট (Internet)-এর ভূমিকা

(ঘ) বিভিন্ন খেলাধুলা এবং শরীরচর্চার প্রয়োজনীয়তা

## ঙ—বিভাগ

( মূল্যাঙ্ক : ২০ )

( আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে )

৯। (ক) ‘শ্রীকান্ত’ (১ম পর্ব) উপন্যাসের নায়ক কে তা বিচার কর। ১

অথবা

দেস্‌দিমোনা চরিত্রটি আলোচনা কর। ১

(খ) ‘‘গীত মনুষ্যের এক প্রকার স্বভাবজাত। মনের ভাব কেবল কথায় ব্যক্ত হইতে পারে, কিন্তু কণ্ঠভঙ্গীতে তাহা স্পষ্টিকৃত হয়।’’ ব্যাখ্যা কর।

(গ) শ্রীকান্ত চরিত্রে ইন্দ্রনাথের প্রভাব নিরূপণ কর।

★★★